



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প  
কম্পোনেন্ট সি-বিডলিউসিএসআরপি  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

**ঘূর্ণিঝড় ‘দানা’ ও সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**

বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, বিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা, বরিশাল, বরগুনা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী ও পিরোজপুর জেলার জন্য)

প্রকাশের তারিখঃ ২২/১০/২০২৪

হালনাগাদের তারিখঃ ২৩/১০/২০২৪

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের (বিএমডি) বিশেষ আবহাওয়া বুলেটিনের তথ্য অনুসারে, পূর্বমধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি আরও ঘনীভূত হয়ে ঘূর্ণিঝড় ‘দানা’ তে পরিণত হয়েছে এবং এটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। এ অবস্থায় ২৪-২৬ অক্টোবর ২০২৪-এর মধ্যে উপরোক্ত জেলাগুলিতে ঘূর্ণিঝড়ের কারণে হালকা থেকে মাঝারি ধরনের ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং সেই সাথে দেশের কোথাও কোথাও অতি ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে ঘূর্ণিঝড়ের ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- আমন ধান ৮০% পরিপক্ব হলে অতিসত্ত্বর কেটে ফেলার পরামর্শ দেয়া হলো। অন্যথায় ঘূর্ণিঝড়ে ফসলের ব্যাপক ক্ষতি হতে পারে।
- পরিপক্ব উদ্যান ফসল ও সবজি দ্রুত সংগ্রহ করে নিতে হবে।
- সেচ নালা পরিষ্কার রাখতে হবে যাতে ধানের জমিতে অতিরিক্ত পানি জমে না থাকে।
- ক্ষেতের চারপাশে উঁচু বাঁধ দিতে হবে যাতে পানির স্রোত দন্ডায়মান ফসলের ক্ষতি করতে না পারে।
- ঘূর্ণিঝড় চলে যাওয়ার পর অতি বৃষ্টি ও ঝড়ে যে গাছগুলি মাটিতে পড়ে যাবে তা অতি দ্রুত উঠিয়ে ফেলতে হবে।
- যেহেতু ভারী বৃষ্টি ও ঝড়ে হাওয়ায় বীজ ও চারা ভেসে যেতে পারে তাই এই মুহূর্তে বীজ বপন ও চারা রোপণ থেকে বিরত থাকতে হবে।
- সেচ, সার ও কীটনাশক প্রয়োগ আপাতত বন্ধ রাখতে হবে।
- গবাদি পশু ও হাঁস-মুরগী নিরাপদ উচ্চ স্থানে স্থানান্তরিত করতে হবে।
- মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়া থেকে বিরত থাকার পরামর্শ দেয়া হলো।

(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: [kamalmoa@gmail.com](mailto:kamalmoa@gmail.com)